জরুরী
বিশেষ বাহক দ্বারা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
ত্রাণ কর্মসূচি-২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.modmr.gov.bd

স্মারক নং-৫১.০০.০০০০.৪২২.১৪.০১৭.১৪-১০২ তারিখ : ০২ বৈশাখ ১৪২২ ব./১৫ এপ্রিল ২০১৫ খ্রি.।

বিষয় : ২০১৪-১৫ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় বিভাগীয় কমিশনার এবং জেলা প্রশাসকদের অনুকূলে ২য় পর্যায়ের খাদ্যশস্য (গম) বরাদ্দ।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, চলতি ২০১৪-২০১৫ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় নিম্নবর্ণিত বিভাজন ও শর্তসমূহ পূরণপূর্বক টিআর কর্মসুচি বাস্তবায়নের লক্ষ্যে বিভাগীয় কমিশনারদের অনুকূলে ২য় পর্যায়ে বরাদ্দ প্রদানের নিমিত্তে ২,০০০.০০০ (দুই হাজার) মে. টন গম এবং জেলা প্রশাসকদের অনুকূলে ২য় পর্যায়ে প্রতি জেলায় ৫০.০০০ মে. টন হারে (৬৪X৫০) ৩,২০০.০০০ (তিন হাজার দুইশত) মেঃ টন **গম**, সর্বমোট ৫,২০০.০০০ (পাঁচ হাজার দুইশত) মে. টন খাদ্যশস্য **(গম)** মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর বরাবরে ছাড় করা হলো :

| ক্রমিক | বিভাগের নাম | বরাদ্দকৃত খাদ্যশস্য **(গম)** মে. টন |
|---|---|---|
| ১। | ঢাকা | ৫৩১.২৫০ (পাঁচশত একত্রিশ দশমিক দুই পাঁচ শূন্য) মে. টন |
| ২। | চট্টগ্রাম | ৩৪৩.৭৫০ (তিনশত তেতাল্লিশ দশমিক সাত পাঁচ শূন্য) মে. টন |
| ৩। | রাজশাহী | ২৫০.০০০ (দুইশত পঞ্চাশ) মে. টন |
| ৪। | খুলনা | ৩১২.৫০০ (তিনশত বারো দশমিক পাঁচ শূন্য শূন্য) মে. টন |
| ৫। | বরিশাল | ১৮৭.৫০০ (একশত সাতাশি দশমিক পাঁচ শূন্য শূন্য) মে. টন |
| ৬। | সিলেট | ১২৫.০০০ (একশত পঁচিশ) মে. টন |
| ৭। | রংপুর | ২৫০.০০০ (দুইশত পঞ্চাশ) মে. টন |
| | মোট= | **২,০০০.০০০ (দুই হাজার)** মে. টন |
| ৮। | জেলা প্রশাসকদের অনুকূলে ৫০ মে. টন হারে (৬৪X৫০) | ৩,২০০.০০০ (তিন হাজার দুইশত) মে. টন |
| | সর্বমোট: | **৫,২০০.০০০ (পাঁচ হাজার দুইশত)** মে. টন **(গম)** |

শর্তসমূহ:

(১) গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি,আর) কর্মসূচির সর্বশেষ অনুমোদিত নির্দেশিকা যথাযথ অনুসরণ করতে হবে;
(২) প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান ও সংশ্লিষ্ট নির্দেশিকার অনুশাসনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে;
(৩) এ বরাদ্দের আওতায় উপজেলা কমপ্লেক্স ভবনে সীমিত আকারের সোলার প্যানেল প্রতিস্থাপন প্রকল্প গ্রহণ করা যাবে;
(৪) পরিদর্শন, পরিবীক্ষণ ও মূল্যায়নের মাধ্যমে প্রকল্পের বাস্তবায়ন নিশ্চিত করতে হবে;
(৫) বিভাগীয় কমিশনারগণ এবং জেলা প্রশাসকগণ যেসব প্রকল্পে খাদ্যশস্য বরাদ্দ প্রদান করবেন, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে তার তালিকা প্রেরণকরত: অবহিত করতে হবে।

স্বাক্ষরিত/-
(মো. আফজাল হোসেন)
যুগ্মসচিব (ত্রাক-২)
ফোন নং-৯৫৪০১৩৯
ই-মেইল : dsreliefprog2@dmrd.gov.bd

মহাপরিচালক
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা।

স্মারক নং-৫১.০০.০০০০.৪২২.১৪.০১৭.১৪-১০২/১(১০) তারিখ : ০২ বৈশাখ ১৪২২ ব./১৫ এপ্রিল ২০১৫ খ্রি.।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর।
৫। জেলা প্রশাসক, (সকল)--------------------------------------------।
৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা।
৯। সিস্টেম এনালিষ্ট, আই, সি, টি সেল, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশ এবং ই-মেইলে মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ও সকল জেলা প্রশাসক বরাবর প্রেরণের জন্য)।
১০। অতিরিক্ত সচিব (ত্রাণ)-এর ব্যক্তিগত কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা (অতিঃসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(মো. আফজাল হোসেন)
যুগ্মসচিব (ত্রাক-২)